

ঢাবি হলে অছাত্রদের অবস্থান নয় ॥ উপাচার্য

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ কোনভাবেই ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলোতে অছাত্রদের অবস্থান করতে দেয়া হবে না বলে জানিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ আখতারুজ্জামান।

বুধবার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে আবাসিক হল ও হোস্টেল প্রশাসনের দায়িত্ব ও কর্তব্য বিষয়ে এক মতবিনিময় সভায় সভাপতির বক্তব্যে তিনি এ কথা বলেন। সভায় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীন, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ এবং প্রক্টর বক্তব্য রাখেন। সভায় উপাচার্য বিভিন্ন আবাসিক হলে দীর্ঘদিনের পুঞ্জীভূত সমস্যা সমাধানে পরিকল্পিত কর্মকৌশল গ্রহণের ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেছেন, এসব সমস্যা সমাধানে হল প্রশাসনকে সমন্বিত উদ্যোগ গ্রহণ করতে হবে। ১ম বর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের মেধার ভিত্তিতে শূন্য আসনে সিট বরাদ্দ করতে হবে। আবাসিক শিক্ষক ও সহকারী আবাসিক শিক্ষকদের নিয়ে সমন্বিতভাবে হল প্রশাসনকে কাজ করতে হবে। হল প্রশাসনের সকল উদ্যোগে হল সংসদকে সম্পৃক্ত করতে হবে। আবাসিক হলসমূহে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার লক্ষ্যে নিয়মিত ফ্লোর পরিদর্শনের জন্য তিনি আবাসিক শিক্ষক ও সহকারী আবাসিক শিক্ষকদের প্রতি আহ্বান জানান।

সেমিনার ॥ টেকসই ও দূষণমুক্ত জ্বালানি ব্যবহারের লক্ষ্যে ‘বাংলাদেশের হাইড্রোজেন অর্থনীতি: চ্যালেঞ্জ এবং সম্ভাবনা’ শীর্ষক সেমিনারের আয়োজন করে বাংলাদেশে বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)।

বুধবার বেলা ১২টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগে এই সেমিনার অনুষ্ঠিত হয়। বিভাগের চেয়ারম্যান অধ্যাপক দীপ্তি সাহার সভাপতিত্বে উপস্থিত ছিলেন বিসিএসআইআরের যুগ্মসচিব মোঃ শওকত আলী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং এবং টেকনোলজি অনুষদের ডিন অধ্যাপক ড. হাসানুজ্জামান। মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিসিএসআইআরের হাইড্রোজেন এনার্জি ল্যাবরেটরি স্থাপন প্রকল্পের পরিচালক ড. মোঃ আবদুস সালাম।



প্রিসিতে PUBG Mobile খেলুন

বিজ্ঞাপন গেমের দুর্দান্ত অভিজ্ঞতা. এখা
করুন! প্রিসিতে অ্যান্ড্রয়েড গেম।

GameLoop

Download

বাংলাদেশের নিজস্ব খনিজসম্পদ তালিকায় গ্যাস ও কয়লার মতো হাইড্রোজেন জ্বালানির অন্তর্ভুক্তি অত্যন্ত সম্ভাবনাময় বলে জানান মূল প্রবন্ধ উপস্থাপক ড. মোঃ আবদুস সালাম। তিনি বলেন, ১ কেজি হাইড্রোজেন হতে ৩৩.৩৩ কিলোওয়াট এনার্জি পাওয়া যায় যেখানে পেট্রোল/ডিজেল ও সিএনজি হতে পাওয়া যায় যথাক্রমে ১২ কিলোওয়াট (প্রায়) ও ১৪.৭ কিলোওয়াট। হাইড্রোজেন ফুয়েল সেল কার ১ কেজি হাইড্রোজেন দ্বারা ১০০-১৩১ কিলোমিটার পথ চলতে পারে যেখানে ১ কেজি পেট্রোলে চলে ১৬ কি.মি.।

প্রধান অতিথির বক্তব্যে মোঃ শওকত আলী বলেন, ২০৪০ সালের পরে উন্নত দেশসমূহে ফসিল জ্বালানি ব্যবহার কমে যাবে। তাই আমরা আগে থেকেই পরবর্তী সময়ের জন্য হাইড্রোজেন জ্বালানি গবেষণার লক্ষ্যে বিসিএসআইআর চট্টগ্রাম গবেষণাগারে হাইড্রোজেন এনার্জি গবেষণাগার স্থাপনের কাজ শুরু করছি। এ জ্বালানি ব্যবহারে কার্বন-ডাই-অক্সাইড কম নির্গমন হওয়ায় জনস্বাস্থ্য এবং পরিবেশ সহায়ক।

সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লিঃ ও জনকণ্ঠ লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬।

কার্যালয়: জনকণ্ঠ ভবন,
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন,
জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা।

ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন),
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫
ই-মেইল: janakanthanews@gmail.com
ই-জনকণ্ঠ: www.edailyjanakantha.com

আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম): মান্নান ভবন (দোতলা),
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

Copyright © All rights reserved by dailyjanakantha.com